গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: "Flood and Riverbank Erosion Risk Management Investment Program (Project-02)" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | নাজমুল আহসান<br>সচিব |
| সভার তারিখ | ১৮ মে, ২০২৩ |
| সভার সময় | বেলা ১০:৪৫ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভা কক্ষ ও ভার্চুয়াল প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (উন্নয়ন-১ অধিশাখা) জানান যে, এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) এর ঋণ, নেদারল্যান্ডস সরকারের অনুদান ও বাংলাদেশ সরকারের অর্থায়নে "Flood and Riverbank Erosion Risk Management Investment Program (Project-2)" শীর্ষক প্রকল্প বাস্তবায়নাধীন। প্রকল্পটির মোট অনুমোদিত ব্যয় ১৮০৩০৬.৮১ লক্ষ টাকা (জিওবি ৩২১৭৩.৯০ লক্ষ টাকা, এডিবি ঋণ ১৩২৯৭৭.৩৭ লক্ষ টাকা এবং নেদারল্যান্ডসের অনুদান ১৫১৫৫.৫৪ লক্ষ টাকা) এবং মেয়াদকাল জানুয়ারি, ২০২২ হতে ডিসেম্বর, ২০২৫ পর্যন্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৯.৮০% এবং আর্থিক অগ্রগতি ৭.১৯%।

পানি সম্পদ মন্ত্রনালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এ বর্ণিত প্রকল্পের আওতায় নিম্নলিখিত লক্ষ্যমাত্রার সূচকসমূহ নির্ধারিত হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন নিম্নরূপঃ

| ক্রমিক | কর্মসম্পাদন সূচকের নাম ও নম্বর | লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১। | বাঁধ পুনরাকৃতিকরণ/ পুননির্মান/ মেরামত | ১.০০০ কিঃমিঃ | ১.০০০ কিঃমিঃ |

০২। অতঃপর প্রকল্প পরিচালক প্রকল্পটির বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ আলোচনার প্রেক্ষিতে সিদ্ধান্ত/ সুপারিশ গৃহীত হয়ঃ

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১ | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্প সমাপ্তির তারিখ ৩১ ডিসেম্বর ২০২৫ হলেও এডিবি'র সাথে প্রকল্পের ঋণচুক্তি সমাপ্তির তারিখ ২৬ জুন ২০২৪। প্রকল্পের পূর্ত কাজ, জমি অধিগ্রহণ কাজ সহ সার্বিক পরিস্থিতি বিবেচনায় ২৬ জুন ২০২৪ এর মধ্যে প্রকল্পের সকল কাজ সম্পন্ন করা দুরূহ বলে প্রতীয়মান হওয়ায় প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র মেয়াদকাল পর্যন্ত ঋনচুক্তির মেয়াদ বর্ধিত করা প্রয়োজন। তিনি সভাকে আরও অবহিত করেন যে, এডিবি থেকে একাধিকবার ঋণচুক্তির মেয়াদ বৃদ্ধি করা হবে না মর্মে জানানো হয়েছে। | বিধি মোতাবেক প্রকল্পের অনুমোদিত মেয়াদকাল পর্যন্ত এডিবি'র ঋণচুক্তির মেয়াদ বৃদ্ধির জন্য ইআরডিতে পত্র প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, বাপাউবো/ উন্নয়ন উইং, পাসম/ প্রকল্প পরিচালক |
| ২ | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পটিতে বৈদেশিক সহায়তা হিসেবে ১৫৭ মিলিয়ন ইউএস ডলার এডিবি'র ঋণ এবং ১৭ মিলিয়ন ইউএস ডলার রাজকীয় নেদারল্যান্ডস সরকারের অনুদান রয়েছে। প্রকল্প অনুমোদনকালীন সময়ের তুলনায় বর্তমানে ইউএস ডলারের বিপরীতে বাংলাদেশী টাকার মূল্যমান অনেক হ্রাস পাওয়ায় বর্তমান বিনিময় হার বিবেচনায় অনুমোদিত ডিপিপি ব্যয় অনুযায়ী প্রায় ৩০ মিলিয়ন ইউএস ডলার এডিবি'র ঋণ অব্যয়িত রয়ে যাবে। প্রকল্পের সংস্থানে সম্ভাব্য অব্যয়িতব্য ঋণের অর্থ ফেরত প্রদান বিষয়ে এডিবি তাগাদা প্রদান করে আসছে। | আগামী ২১-২৮ মে, ২০২৩ অনুষ্ঠিতব্য এডিবি'র Mid-Term Review Mission এ এডিবি ঋণের অব্যয়িতব্য অংশ ফেরত প্রদানের বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, বাপাউবো/ উন্নয়ন উইং, পাসম/ প্রকল্প পরিচালক |

| | | | |
|---|---|---|---|
| ৩ | প্রকল্পের জিওব্যাগ সরবরাহের ৪টি প্যাকেজ এবং ISPMC পরামর্শকের ১টি প্যাকেজ আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে সরবরাহকারী/পরামর্শক নিয়োগ প্রক্রিয়া সম্পাদিত এবং তাদের সাথে চুক্তি ইউএস ডলারে সম্পাদিত। চুক্তিকালীন সময় অপেক্ষা বর্তমানে ইউএস ডলারের বিপরীতে বাংলাদেশী টাকার মূল্যমান অনেক হ্রাস পাওয়ায় বর্তমান বিনিময় হার বিবেচনায় প্রত্যেকটি প্যাকেজেই চূড়ান্ত বিল পরিশোধকালে অনুমোদিত ডিপিপি সংস্থানকে অতিক্রম করবে। ৪টি প্যাকেজের মধ্যে ৩টি প্যাকেজে মোট চুক্তিমূল্য মার্কিন ডলারের পাশাপাশি সমতূল্য বাংলাদেশী টাকা উল্লেখ না করলেও সিসিজিপি হতে অনুমোদিত প্যাকেজটিতে চুক্তিমূল্য দেয় দর অনুযায়ী ডলার উল্লেখের পাশাপাশি মোট চুক্তিমূল্য সমতূল্য বাংলাদেশী টাকায় উল্লেখ করা হয়েছে (১৭/০৮/২০২১ তারিখে ডলার বিনিময় হার ১ ডলার=৮৪.৯০ টাকা হিসেবে)। | ক) ডিপিপি সংস্থান হতে নিম্ন দরে সরবরাহকারী/ পরামর্শক নিযুক্ত হওয়ায় উদ্বৃত্ত অর্থ সংশোধিত ডিপিপিতে বিধি মোতাবেক সমন্বয় করতে হবে। তবে সংশোধিত ডিপিপি অনুমোদনের পূর্বে মূল ডিপিপি সংস্থানের মধ্যে সীমাবদ্ধ থেকে বিধি মোতাবেক প্যাকেজের আর্থিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। প্রকল্পের সঠিক কার্যক্রমের গতিশিলতা আনতে হবে।<br>খ) মার্কিন ডলারের বিনিময় হার বৃদ্ধির কারণে প্যাকেজগুলোর চুক্তিমূল্যের সমতূল্য বাংলাদেশী টাকা বৃদ্ধি পাওয়ায় উদ্ভুত পরিস্থিতিতে চুক্তি সংশোধন এবং সংশোধিত চুক্তির অনুমোদন বিষয়ে CPTU হতে মতামত গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, বাপাউবো/ প্রকল্প পরিচালক |
| ৪ | সলিমাবাদ এলাকায় নদীর মরফোলজিক্যাল পরিবর্তনের ফলে নির্ধারিত ভৌত কাজ গ্রহণ করা সম্ভব না হওয়ায় সাশ্রয়কৃত অর্থ, ডলারের বিনিময় হার বৃদ্ধির কারণে উদ্বৃত্ত বাংলাদেশী টাকা এবং প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পন্য সরবরাহ ও পূর্ত কাজের প্যাকেজের চুক্তিমূল্য প্রাক্কলিত মূল্যের চেয়ে কম হওয়ায় যে অর্থ সাশ্রয় হয়েছে তা প্রকল্প সংশ্লিষ্ট এলাকায় প্রয়োজনীয়তার নিরিখে অতিরিক্ত কাজে ব্যয় করা যেতে পারে। এসকল বিষয় বিবেচনায় নিয়ে এডিবি'র সাথে আলোচনাপূর্বক অতিরিক্ত কাজের সংস্থান রেখে প্রকল্পের সংশোধিত ডিপিপি (আরডিপিপি) প্রনয়ন করা যেতে পারে মর্মে আলোচনা হয়। | প্রকল্পের লক্ষের সাথে সংগতিপূর্ণ অতিরিক্ত কাজের সংস্থান রেখে বিধি মোতাবেক প্রকল্পের সংশোধিত ডিপিপি প্রণয়ন করতঃ অনুমোদনের প্রক্রিয়াকরণ করতে হবে। | মহাপরিচালক, বাপাউবো/ উন্নয়ন ও পরিকল্পনা উইং, পাসম/ প্রকল্প পরিচালক |

০৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাজমুল আহসান
সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৫.১৪.০২৯.২২.১৮৮

তারিখ: ১ আষাঢ় ১৪৩০
১৫ জুন ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, অর্থ বিভাগ
২) সচিব , অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
৩) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৪) সদস্য, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৭) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
৮) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৯) যুগ্মপ্রধান , এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
১০) যুগ্মসচিব, উন্নয়ন-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১১) যুগ্মসচিব, পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
১২) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন) (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৩) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৪) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৫) প্রধান প্রকৌশলী, বাপাউবো।
১৬) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৭) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, ডিজাইন, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৮) উপসচিব, পরিকল্পনা-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৯) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২০) উপসচিব, পরিকল্পনা-১ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
২১) প্রকল্প পরিচালক, Flood and Riverbank Erosion Risk Management Investment Program (Project-2) শীর্ষক প্রকল্প, বাপাউবো, ঢাকা।
২২) নির্বাহী প্রকৌশলী (সংশ্লিষ্ট), বাপাউবো।
২৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
২৪) প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
২৫) সহকারী সচিব, প্রশাসন-৩ শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
২৬) অফিস, কপি।

মোহাম্মদ মোবাশশেরুল ইসলাম
উপসচিব